সংবাদ

তারিখ ..0 5 OCT 2016....
পৃষ্ঠা ..৪.... কলাম ৭.......

# জাবিতে রেজিস্ট্রার্ড গ্রাজুয়েট নির্বাচনের দাবিতে শিক্ষকদের আল্টিমেটাম

প্রতিনিধি, জাবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) রেজিস্ট্রার্ড গ্রাজুয়েট নির্বাচনের দাবিতে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে আল্টিমেটাম দিয়েছেন শিক্ষকরা। আগামী ২০ অক্টোবরের মধ্যে সিনেটে রেজিস্ট্রার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনের তফসিল ঘোষণা না করলে কঠোর কর্মসূচি দেয়ার ঘোষণা দেন তারা।

গতকাল দুপুরে কলা ও মানবিকী অনুষদের শিক্ষক লাউঞ্জে এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন সম্মিলিত শিক্ষক পরিষদের যুগ্ম আহ্বায়ক অধ্যাপক এটিএম আতিকুর রহমান।

লিখিত বক্তব্যে আগামী ২০ অক্টোবরের মধ্যে রেজিস্ট্রার্ড গ্রাজুয়েট থেকে সিনেট প্রতিনিধি নির্বাচনের বিস্তারিত তফসিল ঘোষণা করাসহ ৫ দফা দাবি তুলে ধরেন তিনি। অন্যান্য দাবিসমূহের মধ্যে রয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসনের নিয়োগ সংক্রান্ত অনিয়ম দূর করা, বিশ্ববিদ্যালয় বিভিন্ন পর্যায়ের বিচারহীনতার সংস্কৃতি চর্চা বন্ধ করা, বিভিন্ন বিভাগের ভিন্নমতাবলম্বী শিক্ষকদের বিভিন্ন পর্যায়ে বঞ্চিত ও উপেক্ষা করার প্রবণতা বন্ধ করা, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের নিয়োগ কমিটিতে বহিস্থ সদস্য মনোনয়ের ক্ষেত্রে আজ্ঞাবহদের অগ্রাধিকার দিয়ে কমিটি গঠনের প্রবণতা বন্ধ করা।

সংবাদ সম্মেলনে গণিত বিভাগের সভাপতি অধ্যাপক মো. শরিফ উদ্দিন বলেন, সিনেট পরিষদ বিশ্ববিদ্যালয়ের পার্লামেন্ট হিসেবে কাজ করে। কিন্তু দুঃখজনক হলেও সত্য যে গত ২০ বছর আগে ৩ বছরের জন্য নির্বাচিত প্রতিনিধি এখন পর্যন্ত দায়িত্ব পালন করে যাচ্ছেন। যা সম্পূর্ণ অগণতান্ত্রিক। তাই এ অগণতান্ত্রিক অবস্থা থেকে উত্তোরণের একমাত্র উপায় হচ্ছে দ্রুত নির্বাচনের ব্যাবস্থা করা।

সংবাদ সম্মেলনে সম্মিলিত শিক্ষক পরিষদের যুগ্ম আহ্বায়ক অধ্যাপক সৈয়দ মোহম্মদ কামরুল আহছান, কলা ও মানবিকী অনুষদের ডিন অধ্যাপক মো. মোজাম্মেল হক, পদার্থ বিজ্ঞানী অধ্যাপক এ এ মামুন, অধ্যাপক মো. শামছুল আলম সেলিম, অধ্যাপক মো. সোহেল রানা, অধ্যাপক শামীমা সুলতানা, অধ্যাপক সোহেল আহমেদ, সহযোগী অধ্যাপক মোহাম্মদ শাহেদুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ২০০১ সালের ১ জুন রেজিস্ট্রার্ড গ্রাজুয়েট প্রতিনিধিদের মেয়াদ শেষ হয়েছিল।